

৭ এপ্রিল, ২০২৬

এফবিসিসিআই/টিএফ/২০২৬/১২৮৭

সভাপতি/চেয়ারম্যান

সকল চেম্বার/এসোসিয়েশন

এফবিসিসিআই।

বিষয়ঃ মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতিতে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে সরকারি নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।

মহোদয়,

এফবিসিসিআই এর পক্ষ থেকে শুভেচ্ছা।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্র, ইসরাইল এবং ইরানের মধ্যকার যুদ্ধের কারণে তেল এবং অন্যান্য জ্বালানী সরবরাহ স্বাভাবিক রাখা দুরূহ হয়ে পড়েছে।

বিদ্যমান পরিস্থিতিতে দেশে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে সরকার ঢাকাসহ সারাদেশের সব দোকান, মার্কেট, শপিংমল সন্ধ্যা ৭:০০ টার মধ্যে বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে। তাছাড়া, সকল সরকারি ও বেসরকারি অফিসের সময়সূচী সকাল ৯:০০ টা থেকে বিকেল ৪:০০ টা এবং ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ টা থেকে দুপুর ৩:০০ টা পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

জাতীয় স্বার্থে এবং দেশের সামগ্রিক অর্থনীতির স্থিতিশীলতা বজায় রাখতে সরকারি নির্দেশনা অনুযায়ী সকল দোকান, মার্কেট, শপিংমল সন্ধ্যা ৭:০০ টার মধ্যে বন্ধ করার পাশাপাশি ব্যবসায়িক প্রতিষ্ঠানের অফিস সময় সরকার নির্ধারিত সময় অনুযায়ী প্রতিপালন করা আবশ্যিক। দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ এবং অপ্রয়োজনীয় আলোকসজ্জা পরিহার করে বিদ্যুৎ ব্যবহারে সর্বোচ্চ সাশ্রয়ী হওয়ার জন্য সকল স্তরে সচেতনতা তৈরী ও বাস্তবায়নে সকলের সহযোগিতা প্রয়োজন।

বর্তমান এই বৈশ্বিক সংকট এককভাবে কোনো দেশের নয়। ব্যবসায়ী সমাজ সব সময় দেশের সংকটে অগ্রণী ভূমিকা পালন করেছে। এবারও জাতীয় স্বার্থে ত্যাগ স্বীকারে এগিয়ে আসবেন বলে আমার দৃঢ় বিশ্বাস।

বর্ণিত প্রেক্ষাপটে, দেশের বৃহত্তর স্বার্থে সরকারের এই সমন্বয়যোগী নির্দেশনাসমূহ আপনার চেম্বার/এসোসিয়েশনের সদস্যদেরকে অবগত ও যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ জানিয়ে বাস্তবায়ন নিশ্চিত করতে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

ধন্যবাদান্তে,

মোঃ আবদুর রহিম খান

প্রশাসক

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।